



# মাদরাসাতুত তাকুওয়া MADRASATUT TAQWA

কার্যালয়. বাহিরপুর, জুড়ী ৩২৫১, জুড়ী, মৌলভীবাজার। ০১৭১৮৫৮৫১৬৭

[www.madrasatuttaqwabd.com](http://www.madrasatuttaqwabd.com)

## অভিভাবক নির্দেশিকা

মাদরাসাতুত তাকুওয়ার শিক্ষা, আমল ও তারবিয়াহ প্রক্রিয়া সফল করতে অভিভাবকের সচেতন সহযোগিতা অপরিহার্য। সন্তানের দ্বীনি, নৈতিক ও একাডেমিক উন্নতির জন্য নিম্নোক্ত নির্দেশনাগুলোর বাস্তবায়ন প্রত্যেক অভিভাবকের নিকট আন্তরিকভাবে প্রত্যাশিত।

## দ্বীন ও চরিত্র গঠন

- ❖ পরিবারের মধ্যে সর্বদা ইসলামিক পরিবেশ বজায় রাখব।
- ❖ হালাল উপার্জন নিশ্চিত করব এবং হারাম আয়ের সব পছা/উপায়-উপকরণ থেকে দূরে থাকব।
- ❖ নিজে ও পরিবারের সদস্যদের পাঁচ ওয়াক্ত নামাজ, হিজাব, সুন্যাহভিত্তিক জীবনধারা অনুসরণে উৎসাহিত করব।
- ❖ সন্তানকে আদব, আমল ও আখলাকে আদর্শ মুসলমান হিসেবে গড়ে তোলার চেষ্টা করব।

## শিক্ষা ও একাডেমিক দায়িত্ব

- ❖ সন্তানের ক্লাসওয়ার্ক, হোমওয়ার্ক ও ডায়েরি নিয়মিত পর্যালোচনা করব।
- ❖ শিক্ষকদের প্রতি সম্মান বজায় রাখব এবং কোনো বিষয়ে অভিযোগ থাকলে প্রশাসনকে গঠনমূলক পরামর্শ দেব।
- ❖ আরবি ও হিফয বিভাগে নির্ধারিত মান অর্জনে সন্তানের অগ্রগতি পর্যবেক্ষণ করব।
- ❖ সন্তানের ফলাফল সন্তোষজনক না হলে মাদরাসার প্রয়োজনীয় সিদ্ধান্ত মেনে নেব।

## শৃঙ্খলা ও আচরণবিধি:

- ❖ মাদরাসার সব নিয়ম-নীতি ও শৃঙ্খলা যথাযথভাবে মেনে চলব।
- ❖ সন্তান কোনো শৃঙ্খলা ভঙ্গ করলে প্রশাসনের সিদ্ধান্তকে সম্মানের সাথে গ্রহণ করব।
- ❖ শিক্ষক কর্তৃক প্রয়োজনীয় সংশোধনমূলক শাসনকে ইতিবাচকভাবে গ্রহণ করব।
- ❖ সন্তানের সামনে মাদরাসা বা শিক্ষাদান পদ্ধতির সমালোচনা করা থেকে বিরত থাকব, কারণ এতে সন্তানের মনে শিক্ষক ও প্রতিষ্ঠানের প্রতি শ্রদ্ধাবোধ নষ্ট হতে পারে।

## উপস্থিতি ও অংশগ্রহণ

- ❖ মাদরাসার দ্বীনি অনুষ্ঠান, অভিভাবক নাসীহা সভা ও মতবিনিময় কর্মসূচিতে অংশগ্রহণ করব।
- ❖ সন্তানের অগ্রগতির খোঁজ নিতে নিয়মিত মাদরাসার নির্ধারিত অনলাইন প্ল্যাটফর্ম বা মোবাইল অ্যাপের মাধ্যমে ক্লাস টিচারের সঙ্গে যোগাযোগ রাখব। কোনো ব্যক্তিগত বা সরাসরি যোগাযোগের প্রচেষ্টা করব না।
- ❖ মাদরাসার পক্ষ থেকে দেওয়া সিলেবাস ও মূল্যায়নপত্র অনুযায়ী সন্তানের পারফরম্যান্স পর্যালোচনা করব।

## দায়িত্ব ও যত্ন

- ❖ সন্তানের জন্য ঘরে শিক্ষার উপযোগী পরিবেশ তৈরি করব।
- ❖ টিভি, মোবাইল, গেমস ও কার্টুন থেকে সন্তানকে দূরে রাখব।
- ❖ প্রতিদিন পরিষ্কার-পরিচ্ছন্ন টিফিন সরবরাহ করব।
- ❖ সন্তানের কোনো নির্দিষ্ট শারীরিক বা চিকিৎসাজনিত সমস্যা থাকলে ভর্তির পূর্বে মাদরাসা কর্তৃপক্ষকে অবশ্যই অবহিত করব।



# মাদরাসাতুত তাকুওয়া MADRASATUT TAQWA

কার্যালয়. বাহিরপুর, জুড়ী ৩২৫১, জুড়ী, মৌলভীবাজার। ০১৭১৮৫৮৫১৬৭

[www.madrasatuttaqwabd.com](http://www.madrasatuttaqwabd.com)

## আর্থিক দায়বদ্ধতা

- ❖ মাসিক টিউশন, পরিবহন ও আবাসিক ফি যথাসময়ে পরিশোধ করব।
- ❖ আর্থিক অসুবিধা হলে পূর্বেই প্রশাসনকে জানাব।
- ❖ সম্ভান কৃর্তক প্রতিষ্ঠানের কোনো সম্পদের ক্ষতি হলে প্রয়োজনে তার ক্ষতিপূরণ প্রদান করব।

## দুআ ও আত্মনিবেদন

- ❖ সম্ভানের ইলম, আমল ও চরিত্রের অগ্রগতির জন্য নিয়মিত আল্লাহ তাআলার কাছে দু'আ করব।
- ❖ সম্ভানের অগ্রগতি ও সাফল্যে মাদরাসার সহযোগিতা, দিকনির্দেশনা ও পরিশ্রমকে সম্মান ও শ্রদ্ধার সঙ্গে গ্রহণ করব এবং ইতিবাচকভাবে মূল্যায়ন করব।
- ❖ সম্ভানের দীন ও দুনিয়ায় সফলতা অর্জন শুধু মাদরাসার নয়, অভিভাবকেরও এক যৌথ দায়িত্ব। এই দায়িত্ব পালনে আমি সর্বাস্তকরণে সচেষ্টি থাকব এবং আল্লাহ তাআলার নিকট সর্বদা দুআ করব।

## অঙ্গীকারনামা

আমি ঘোষণা করছি যে, আমার সম্ভান মাদরাসাতুত তাকুওয়াতে ভর্তি হওয়ার যোগ্যতা অর্জন করলে, আমি উপরিউক্ত সকল নির্দেশনা মেনে চলতে অঙ্গীকারবদ্ধ থাকব এবং মাদরাসাতুত তাকুওয়ার নীতিমালা ও সিদ্ধান্তসমূহ আন্তরিকভাবে গ্রহণ করব, ইন-শা-আল্লাহ।

সম্ভানের নাম:..... ভর্তিচ্ছু শ্রেণি..... এবং আবেদন আইডি.....

অভিভাবকের নাম:..... স্বাক্ষর ও তারিখ:

বিশেষ দ্রষ্টব্য: মূল্যায়ন ও সাক্ষাৎকারের দিন এই নির্দেশিকাটি স্বাক্ষর সহ সঙ্গে নিয়ে আসবেন।

স্থাপিত:

০১-০৭-২০২৪

MADRASATUT TAQWA